# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

## ৮ মার্চ আর্ন্তজাতিক নারী দিবস-২০১৯

*“সবাই মিলে ভাবো, নতুন কিছু করো*
*নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো”*

## “প্রতিবেদন”




-ঃ আয়োজনে ঃ-

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (GAP)

# খাগড়াছড়ি পৌরসভা

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

# প্রতিবেদন

"সবাই মিলে ভাবো, নতুন কিছু করো নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো" এই শ্লোগান নিয়ে খাগড়াছড়ি পৌরসভার উদ্যোগে ০৮ মার্চ আর্ন্তজাতিক নারী দিবস, ২০১৯ যথাযথ মর্যাদায় আনন্দঘন উৎসব মুখর পরিবেশে পালিত হয়েছে।

খাগড়াছড়ি পৌরসভায় নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির আয়োজনে বিভিন্ন ওর্য়াড থেকে নারী কাউন্সিলরের নেতৃত্বে সকাল ৮.৩০টায় র‍্যালি এসে পৌরসভা চত্বরে জমায়েত হয় এবং সম্মিলিতভাবে সকাল ৯.০০ টায় বর্ণাঢ্য র‍্যালি খাগড়াছড়ি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পৌরসভায় এসে শেষ হয়। বেলুন উড়িয়ে ব্যালীর শুভ উদ্বোধন করেন খাগড়াছড়ির পৌরসভার সম্মানিত মেয়র জনাব রফিকুল আলম। র‍্যালীর পর পৌর সম্মেলন কক্ষে নারী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।






সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাগড়াছড়ি পৌরসভার সম্মানিত মেয়র জনাব রফিকুল আলম। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পৌর সচিব জনাবা পারভীন আক্তার খোন্দকার, পৌর কাউন্সিলরবৃন্দ,সাংবাদিক, বিভিন্ন মহিলা সমিতির নেতৃবৃন্দ এবং পৌরসভার টিএলসিসি, ডব্লিউ সি, এস আই সির নারী সদস্যবৃন্দ। সভায় সভাপতিত্ব করেন নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও খাগড়াছড়ি পৌরসভার প্যানেল মেয়র ০৩, জনাবা সালেহা রহমান।







অনুষ্ঠানের শুরুতে নারীদের অংশগ্রহনে ধর্মীয় গ্রন্থ পাঠ হয়। এরপর নারী দিবসের প্রতিপাদ্য বিষয় নিয়ে মূল বক্তব্য তুলে ধরেন নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব প্রভাত তালুকদার। সভায় স্বাগত বক্তব্য রাখেন খাগড়াছড়ি পৌরসভার সচিব পারভীন আক্তার খোন্দকার। আলোচনায় আত্মনির্ভরশীল নারী রূপালী মারমা বলেন খাগড়াছড়ির পৌরসভা থেকে মাশরুম চাষ প্রশিক্ষন নিয়ে আজ সংসারের হাল ধরেছেন এবং ভালোভাবে জীবন যাপন করছেন। আরো বক্তব্য দেন টিএলসিসি সদস্য নারী নেত্রী জ্যোতি প্রভা তালুকদার, শিক্ষিকা শিপন আক্তার, সেলাই প্রশিক্ষনার্থী পুস্পিতা ত্রিপুরা সহ আরো অন্যান্য নারী সদস্যবৃন্দ।






সভায় প্রধান অতিথি পৌর মেয়র রফিকুল আলম বলেন আজকের সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগন নারী। তাদেরকে সামনে রেখে আমাদের এগিয়ে যেতে হবে। নারীদের পিছনে ফেলে কখনো একটি দেশ  উন্নয়নশীল রাষ্ট্রে পরিনত হতে পারে না। সকল ক্ষেত্রে নারীর অগ্রনী ভূমিকা প্রয়োজন।

প্রধান অতিথি আরো বলেন, আমরা বিভিন্ন বিষয়ে মেয়েদের প্রশিক্ষন দিচ্ছি যাতে তারা নিজেদের জন্য কিছু করতে পারে। আমাদের সকল উন্নয়ন কাজ নারী বান্ধব করতে চাই। পাশাপাশি আমাদের  ঈদগাহ মার্কেট সহ পৌরসভার অন্যান্য মার্কেটে নারী উদ্যোক্তাদের জন্য ক্যেটা ভিত্তিতে প্লট সংরক্ষণ করা হবে। সেগুলোতে নারীদের জন্য বিশেষ প্লটের ব্যবস্থা রাখা হবে। যেমন- জুস কর্ণার, সেলাই ঘর, কম্পিউটার, ঠোঙা তৈরী ও বিক্রয় কেন্দ্র। প্লট বরাদ্দের ক্ষেত্রে আগ্রহী ও প্রশিক্ষিত  নারীদের জন্য বিশেষ ছাড়ের ব্যবস্থা থাকবে। নারীদের আর্থ সামাজিক উন্নয়নে আমাদের প্রচেষ্টা থাকবে সর্বাগ্রে। পাশাপাশি তাদেরকেও  সচেতন হতে হবে এবং উন্নয়ন মুখী কাজে এগিয়ে আসতে হবে। তাহলেই আমরা নারী পুরুষ মিলে সুখী সমৃদ্ধ স্বদেশ বির্নিমানে সফল হব।

এরপর অনুষ্ঠানের প্রধান অতিথি মাশরুম চাষ ও সেলাই প্রশিক্ষণার্থীদের সনদপত্র এবং সেলাই প্রশিক্ষণে ভাল ফলাফলকারীদের মাঝে সেলাই মেশিন বিতরন করেন।







সভাশেষে  আলোচনা সভার সভাপতি এবং  নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সালেহা রহমান বলেন, আজকের দিন নারীদের জন্য বিশেষ দিন না ভেবে প্রতিদিনই নারীদের ভাবতে হবে, নারীদের উন্নয়নে আমাদের সকলের কাজ করতে হবে।  আজ বিশ্বব্যাপি নারী দিবস পালিত হচ্ছে। তিনি এই দিবসের সফলতা কামনা করেন এবং অনুষ্ঠানের প্রধান অতিথি ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রভাত তালুকদার
সদস্য সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।